বাগেরহাটে হোন্ডা মটরসের বিক্রয় কেন্দ্রের উদ্বোধন

বাগেরহাটে হোন্ডা মটরসের বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। বুধবার বিকেলে শহরের রেলরোড এলাকায় এই বিক্রয়কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জিকেবিএসপি কৃষি উন্নয়ন প্রকল্পের অতিরিক্ত উপ-পরিচালক মোঃ তৌহিদ ভূইয়া।

বাগেরহাট সরকারী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু মুসা খানের সভাপত্বি উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, বাংলাদেশ হোন্ডা লিমিটেডের ন্যাশনাল সেলস ম্যানেজার মোঃ ওমর খান, রিজিওনাল ম্যানেজার মোঃ নাসির খান, ইসলামী ব্যাংকের বাগেরহাট শাখার ব্যবস্থাপক মোঃ মোস্তাফিজুর রহমান, কোম্পানীর বাগেরহাটের ডিলার নিউ স্বপ্ন মটরসের সত্ত্বাধিকারী হাওলাদার জাকির হোসেন প্রমুখ।

বক্তরা বলেন, হোন্ডা মটরস বাংলাদেশে এখনও প্রথম অবস্থায় রয়েছে। তার প্রতিদ্বন্ধী কেউ নেই। বাগেরহাটে নিউ স্বপ্ন মটরসের মাধ্যমে নতুন ভাবে সব এলাকায় ছড়িয়ে পড়বে।

উদ্বোধনী অনুষ্ঠানে হোন্ডা মটরস ও নিউ স্বপ্ন মটরসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সুশীল সমাজের প্রতিনিধিরা অংশ নেন।